

া সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ২৭০১ [আন্তর্জাতিক নাম্বারঃ ১১৮৪]

১৬। হজ্জ (جما بانك)

পরিচ্ছেদঃ ৩. তালবিয়াহ্ এর বর্ণনা এবং এর সময়

باب التَّلْبِيَةِ وَصِفَتِهَا وَوَقْتِهَا

আরবী

حَدَّقَنَا يَحْيَى بْنُ يَحْيَى التَّمِيمِيُّ، قَالَ قَرَأْتُ عَلَى مَالِك عَنْ نَافِعٍ، عَنْ عَبْدِ اللَّهِ، بْنِ عُمَرَ _ رضى الله عنهما _ أَنَّ تَلْبِيَةَ، رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم " لَبَّيْكَ اللَّهُمَّ لَبَيْكَ اللَّهُمَّ لَبَيْكَ اللَّهُمَّ لَبَيْكَ اللَّهُمَّ لَبَيْكَ اللَّهُمَّ لَبَيْكَ اللَّهُ عَلِيه وسلم " لَبَيْكَ اللَّهُمَّ لَبَيْكَ اللَّهُمَّ لَبَيْكَ اللَّهُمَّ لَبَيْكَ اللَّهُ عَبْدُ لَكَ اللَّهُ عَنْ فَالْمَلْكَ لاَ شَرِيكَ لَكَ ". قَالَ وَكَانَ عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ _ رضى الله عنهما _ يَزِيدُ فِيهَا لَبَيْكَ لَبَيْكَ لَبَيْكَ وَسَعْدَيْكَ وَالْخَيْلُ بِيَدَيْكَ لَبَيْكَ اللّهُ عَنْهُ وَالْخَمْلُ .

বাংলা

২৭০১-(১৯/১১৮৪) ইয়াহইয়া ইবনু ইয়াহইয়া আত তামীমী (রহঃ) আবদুল্লাহ ইবনু উমার (রাযিঃ) থেকে বর্ণিত। রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর তালবিয়াহ্ নিম্নরূপ ছিলঃ

لَبَّيْكَ اللَّهُمَّ لَبَّيْكَ لَبَّيْكَ لاَ شَرِيكَ لَكَ لَبَّيْكَ إِنَّ الْحَمْدَ وَالنِّعْمَةَ لَكَ وَالْمُلْكَ لاَ شَرِيكَ لَكَ

"হে আল্লাহ! আমি তোমার নিকট হাযির হয়েছি, তোমার কাছে হাযির হয়েছি, তোমার দরবারে উপস্থিত আছি। তোমার কোন শারীক নেই, আমি তোমার সমীপে উপস্থিত হয়েছি। যাবতীয় প্রশংসা ও নি'আমাত তোমারই এবং সমগ্র রাজত্ব ও সার্বভৌম কর্তৃত্ব তোমার। তোমার কোন শারীক নেই।"

নাফি' (রহঃ) বলেন, 'আবদুল্লাহ ইবনু উমর (রাযিঃ) নিজের তরফ থেকে তালবিয়ার সাথে আরও যোগ করতেনঃ "তোমার দরবারে উপস্থিত হয়েছি, তোমার কাছে হাযির হয়েছি, তোমার খিদমাতের সৌভাগ্য লাভ করেছি। সমস্ত কল্যাণ তোমার হাতে, তোমার কাছে হাযির হয়েছি, সমস্ত আকর্ষণ তোমার প্রতি এবং সকল কাজ তোমারই জন্য"* (ইসলামিক ফাউন্ডেশন ২৬৭৮, ইসলামীক সেন্টার ২৬৭৭)

English



'Abdullah b. 'Umar (Allah be pleased with them) reported that the Talbiya of the Messenger of Allah (ﷺ) was this:

Here I am at Thy service. O Allah, here I am at Thy service, here I am at Thy service. There is no associate with Thee; here I am at Thy service. Verily all praise and grace is due to Thee, and the sovereignty (too). There is no associate with Thee. He (the narrator) further said that 'Abdullah b. 'Umar (Allah be pleased with them) made this addition to it: Here I am at Thy service; here I am at Thy service; ready to obey Thee, and good is in Thy Hand; here I am at Thy service; unto Thee is the petition, and deed (is also for Thee).

ফুটনোট

* হাদিসে بِيَدَيْكُ لَبَيْكُ بَيْكُ بَيْكُ

যা হোক মহান আল্লাহর হাত-পা, পায়ের নলা ইত্যাদি সম্পর্কে মুহাদ্দিসীনে কিরাম, সাহাবায়ে ইয়াম ও তাবিঈ এবং সালফে সালিহীনদের অভিমত এই যে, এসব বিষয়ের উপর ঈমান আনয়ন করা এবং বাহ্যিক অর্থে ব্যবহার করা জরুরী। আর এ সকল বিষয়কে কোন বিষয়ের সাথে সাদৃশ্য দেয়া বা অন্য কোন তাবীল বা অপব্যাখ্যা থেকে বেঁচে থাকা উচিত।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন